

ফাতওয়া নাম্বার: ২২৪

প্রকাশকাল: ৩০-১২-২০২১ ইং

আকীকার গোশত কি সন্তান নিজে এবং তার পিতা- মাতা খেতে পারবে?

প্রশ্ন:

আকীকার গোশত কি সন্তান নিজে এবং তার পিতা-মাতা খেতে পারবে? আকীকা ও কুরবানী একসঙ্গে দিলে দোয়া কীভাবে পড়তে হবে?

প্রশ্নকারী: আব্দুল্লাহ

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আকীকার গোশত, যার আকীকা সে নিজে, তার পিতা-মাতা এবং আত্মীয় স্বজন সকলেই খেতে পারবে। কেউ কেউ মনে করেন, পিতা-মাতা সন্তানের আকীকার গোশত খেতে পারে না। এ ধারণা ঠিক নয়।

(মুনান্নাফে ইবন আবী শাইবা: ২৪৭৩৯, ২৪৭৪৩, ২৪৭৪৪; মুয়াত্তা মালিক: ২/৫০২; তানকিহুল ফাতাওয়াল হামিদিয়্যাহ: ২/৩৬৮)

উল্লেখ্য, আকীকার মূল সময় সন্তানের জন্মের সপ্তম দিন। হাদীসে সপ্তম দিনেই আকীকা করতে বলা হয়। এরপর আকীকা দিলে অনেক আলিমের মতে আকীকা হবে না; যদিও অনেকের মতে হয়ে যাবে। আকীকা একটি গুরুত্বপূর্ণ সুন্নত হওয়ার পাশাপাশি সন্তানের শাফাআত পাওয়া বা তার স্বভাবজাত প্রকৃতির উপর সুস্থতার সঙ্গে বেড়ে ওঠারও সম্পর্ক রয়েছে। হাদীস শরীফে এসেছে-

)66 /3)

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত, তিনি বলেন, প্রত্যেক শিশু তার আকীকার উপর বন্ধককৃত। সুতরাং তার জন্মের

সপ্তম দিনে তার পক্ষ থেকে একটি পশু জবাই করতে হবে, মাথা মুণ্ডাতে হবে এবং নাম রাখতে হবে।” (সুনানে আবু দাউদ: ২৮৪০) মুহাদ্দিসীনে কিরাম সন্তানের আকীকার উপর বন্ধককৃত হওয়ার বিভিন্ন ব্যাখ্যা করেন- যেমন আকীকা না দিলে পিতা-মাতা উক্ত সন্তানের শাফাআত পাবে না, আকীকা না দিলে সন্তান যেভাবে সুস্থতার সঙ্গে বেড়ে ওঠার কথা, তা হবে না ইত্যাদি। (আরও দেখুন, fatwaa.org তে প্রকাশিত ১১০ নং ফতোয়া। লিংক:

<https://fatwaa.org/২০২০/১০/০৮/১৭৩৫/>)

সুতরাং সন্তানের জন্মের সপ্তম দিনে আকীকা করার প্রতি সর্বোচ্চ গুরুত্ব দেয়া চাই। অগত্যা সম্ভবপ না হলে, পরবর্তীতে দেয়ার চিন্তা করবে। আকীকা ও কুরবানী এক সঙ্গে দিলে জবাইয়ের সময় কুরবানীর দোয়ার পাশাপাশি আকীকার দোয়াটিও পড়ে নিবে। এক হাদীসে আকীকার নিম্নোক্ত দোয়াটি এসেছে-

(সুনানে কুবরা, বায়হাকী: ১৯৭৭২; মুসনাদে আবী ইয়াল্লা: ৪৫২১; আলমাজমু শারখুল মুহাযযাব, নাবাবি র: ৮/৪২৮)

উক্ত দোয়ায় فُلَانٍ এর স্থলে সন্তানের নাম নেবে।

উল্লেখ্য, দোয়া পড়া সুন্নত, তবে দোয়া না পড়লেও কুরবানী ও আকীকা সহীহ হয়ে যাবে।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৭-০৫-১৪৪৩ হি.

২২-১২-২০২১ ঙ.

